গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ২৪৪-আইন/আয়কর-৩৮/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, অতঃপর উক্ত অর্থনৈতিক অঞ্চল বলিয়া উল্লিখিত, পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত কোনো প্রতিষ্ঠানের কেবল উক্ত অর্থনৈতিক অঞ্চলে পরিচালিত ব্যবসায়ের মাধ্যমে অর্জিত আয়ের উপর ব্যবসায়িক কার্যক্রম শুরুর তারিখ হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০% এবং ১০ম বৎসরের জন্য ২০% হারে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি:

(ক) প্রতিষ্ঠানটি নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হবে, যথা:—

(অ) কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত নূতন কোম্পানি হইতে হইবে এবং বিদ্যমান কোনো কোম্পানির কোনো ইউনিট হইতে পারিবে না;

(আ) বিদ্যমান ব্যবসার পুনর্গঠন, মার্জার, ডিমার্জার এর ফলশ্রুত কোম্পানি হইতে পারিবে না;

(ই) ইতোপূর্বে পণ্য বা সেবা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে এইরূপ কোনো মেশিন, যন্ত্রপাতি, ইত্যাদি উক্ত অর্থনৈতিক অঞ্চলের কোনো শিল্প ইউনিট স্থাপনে ব্যবহার করা যাইবে না;

(ঈ) উক্ত অর্থনৈতিক অঞ্চলের বাহিরে কোনো শিল্প ইউনিট পরিচালনা করিতে পারিবে না এবং সম্পূর্ণরূপে উক্ত অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত হইতে হইবে;

(উ) বাণিজ্যিক প্রতিষ্ঠান বা ট্রেডিং কোম্পানি হইতে পারিবে না;

(ঊ) বোর্ডের নিকট অব্যাহতির উপযুক্ত শিল্প হিসেবে পরিগণিত হইতে হইবে;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) উক্ত অর্থনৈতিক অঞ্চলে প্রতিষ্ঠিত যেসকল প্রতিষ্ঠান ভোজ্য তেল, চিনি, আটা, ময়দাসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি উৎপাদন এবং সিমেন্ট, লোহা ও লৌহজাতীয় পণ্য উৎপাদন হইতে আয় প্রাপ্ত হয় সেসকল প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের সুবিধা প্রাপ্য হইবে না;

(গ) প্রতিষ্ঠানটি ব্যবসায়িক কার্যক্রম শুরু হইবার বৎসর হইতে দশম বৎসর পর্যন্ত এই হ্রাসকৃত করহারের সুবিধা প্রাপ্য হইবে;

(ঘ) এই প্রজ্ঞাপন অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত কোনো শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত কোনো শর্ত বা শর্তাবলি পরিপালনে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ড, তৎকর্তৃক প্রদত্ত অনুমোদন প্রত্যাহার করিতে পারিবে;

(ঙ) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এবং (৬) সহ অন্যান্য বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(চ) কোনো আয়বর্ষে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠানটির উপর পরিবেশ সংশ্লিষ্ট আইন ভঙ্গের দায়ে জরিমানা আরোপ করা হইলে, সংশ্লিষ্ট করবর্ষে উক্ত প্রতিষ্ঠানটি এই প্রজ্ঞাপনে প্রদত্ত কর অব্যাহতি পাইবে না; এবং

(ছ) ৩০ জুন ২০৩৫ তারিখের মধ্যে কোনো প্রতিষ্ঠান ব্যবসায়িক কার্যক্রম শুরু করিতে ব্যর্থ হইলে এই প্রজ্ঞাপনের অধীন কোনো প্রকার অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবেন না।

ব্যাখ্যা:—এই প্রজ্ঞাপনে "ব্যবসায়িক কার্যক্রম শুরু" বলিতে উক্ত অর্থনৈতিক অঞ্চলে প্রতিষ্ঠান যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

২। এস, আর, ও নং ১০৪-আইন/আয়কর/২০২০, তারিখ: ২৫ মার্চ, ২০২০ ও এস, আর, ও নং ১৫৯-আইন/আয়কর-৩৪/২০২৪, তারিখ: ২৯ মে, ২০২৪ এতদ্দ্বারা রহিত করা হইলো এবং উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ এই প্রজ্ঞাপনের অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহাদের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর শর্তানুচ্ছেদ (ক) তে উল্লিখিত অনুমোদনের শর্তাবলি প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত কোনো শিল্প প্রতিষ্ঠান বা কোনো শিল্প প্রতিষ্ঠানের ইউনিট যাহারা ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে ব্যবসায়িক কার্যক্রম শুরু করিয়াছে;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে শিল্প বা শিল্প ইউনিট স্থাপনের উদ্দেশ্যে যাহারা ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহিত চুক্তিবদ্ধ হইয়াছে।

৩। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com